

জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়  
১১০, মতিঝিল বা/এ, ঢাকা।

Website: www.janatabank-bd.com

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট  
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮৩১/১৮

তারিখ : ০৮-০৮-২০১৮ইং  
২৪ শ্রাবণ, ১৪২৫বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন  
কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় :- গ্রাহকের হিসাবের বিপরীতে ইস্যুকৃত কোন চেক/চেক বই হারিয়ে যাওয়া/ডাকে প্রেরিত চেক মিসিং হওয়া প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, শাখার গ্রাহকদের চেক যে কোন উপায়ে হারিয়ে গেলে বা দেশ-বিদেশ থেকে ডাকযোগে প্রেরিত চেক প্রতারক চক্র কর্তৃক সুকৌশলে হাতিয়ে নিয়ে নকল (Fake) চেক তৈরি করে সংশ্লিষ্ট গ্রাহকের স্বাক্ষর নকল করে গ্রাহকের হিসাব থেকে অর্থ আত্মসাতের ঘটনা প্রায়ই সংঘটিত হচ্ছে। ফলে মূল্যবান গ্রাহক ও ব্যাংক আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। পাশাপাশি জনতা ব্যাংকের সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।


এমতাবস্থায়, ভবিষ্যতে অনুরূপ ঘটনা প্রতিরোধকল্পে গ্রাহকের হিসাবের বিপরীতে ইস্যুকৃত কোন চেক/চেক বই হারিয়ে গেলে/ডাকযোগে প্রেরিত চেক মিসিং হলে গ্রাহক কর্তৃক শাখাকে চেকের পাতা / চেকবই হারানো/মিসিং হওয়ার বিষয়টি অবহিত করা হলে শাখা কর্তৃক তাৎক্ষণিকভাবে উক্ত সিরিজের সমুদয় চেক/বই বাতিল করতঃ বিধি মোতাবেক গ্রাহক/হিসাবধারীর অনুকূলে নতুন চেক বই সরবরাহ করতে হবে।

অত্র ব্যাংকের সকল নিয়ন্ত্রণকারী কার্যালয়সহ শাখাসমূহকে উপরোক্ত নিয়মাবলী পরিপালনের পরামর্শ দেওয়া হল।

উক্ত নির্দেশনা বিজ্ঞপ্তি জারির তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

আপনার বিশ্বস্ত,

  
(মোঃ আবদুর রউফ)  
উপ মহাব্যবস্থাপক

  
(মোঃ শামসুল হক)  
মহাব্যবস্থাপক